

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
গাবতলী, বগুড়া।

স্মারক নং-৩১.৫০.১০৪০.০০০.০৬.০০৫.২৩- ৭৫৬

তারিখঃ ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ অক্টোবর ২০২৩ খ্রি.

সরকারি জলমহালের খাস কালেকশনের বিজ্ঞপ্তি /২

এতদ্বারা গাবতলী উপজেলার মৎস্যচাষে আগ্রহী সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির মধ্যে সরকারী খাস জলমহাল ইজারা দেয়ার পর উক্ত নীতিমালার ১৬ নং অনুচ্ছেদ মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), বগুড়া এর ২৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখের ০৫.৫০.১০০০.০০৮.৬৭.১০০.১৯-৯৮৬ এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ ৫(৪) নীতি অনুযায়ী নিম্নোক্ত তালিকার নিজ কাঁকড়া জলমহালটি ১৪৩০ সনের অবশিষ্ট সময়ের জন্য অর্থাৎ ৩০ শে চৈত্র পর্যন্ত শুধু খাস আদায়ের নিমিত্ত মৎস্যজীবী চাষে আগ্রহী সমিতি/ব্যক্তিগণের নিকট হতে পৃথক পৃথক সিলমোহরকৃত খামে মূল্য উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে খাস আদায়ের আবেদনপত্র আহবান করা যাচ্ছে। খাস আদায়যোগ্য সরকারী জলমহাল সরকারী মূল্যের চেয়ে উদ্বৃত্ত সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদান করা হবে। আবেদনপত্র আগামী ১৫/১০/২০২৩ খ্রিঃ তারিখে হতে ১৫/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে এবং ১৬/১১/২০২৩ খ্রিঃ তারিখে আবেদনপত্র সহকারী কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়া এর কার্যালয়ের রক্ষিত বাক্সে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ঐ দিনই আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদনপত্র সমূহ খোলা হবে। প্রয়োজনীয় শর্তাবলীসহ ইজারার আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে “উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া” এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার তফসিলভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটএর বিনিময়ে (অফেরতযোগ্য) সহকারী কমিশনার (ভূমি) গাবতলী, বগুড়া এর কার্যালয় হতে পাওয়া যাবে।

ক্র.নং	জলমহালের নাম	ইউনিয়ন	মৌজা	দাগ নং	পরিমাণ (একর)	বাংলা ১৪৩০ সনের অবশিষ্ট সময়ের জন্য অর্থাৎ ৩০ শে চৈত্র পর্যন্ত সরকারি মূল্য
০১	নিজ কাঁকড়া	সুখানপুকুর	নিজ কাঁকড়া	০১	৪১.৪৩	২,৩৬,২৬৩/-

শর্তাবলীঃ-

- খাস আদায়যোগ্য নিজ কাঁকড়া জলমহাল বাংলা ১৪৩০ সনের অবশিষ্ট সময়ের জন্য অর্থাৎ ৩০ শে চৈত্র পর্যন্ত শুধু মাত্র মৎস্য চাষের জন্য ইজারা দেওয়া হবে। উক্ত জলমহালসমূহের খাস আদায়ের মেয়াদ বাংলা ১৪৩০ সনের ৩০ শে চৈত্রের পর হতে মেয়াদ উত্তীর্ণ হওয়ায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল হবে এবং পহেলা বৈশাখ থেকে বাংলা ১৪৩১ সনের জন্য ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া এর অনুকূলে সিডিউল ক্রয় বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে অর্ডার অফেরতযোগ্য ও দাখিলকৃত আবেদনে উল্লিখিত খাস আদায়যোগ্য জলমহালের বিপরীতে সরকারী মূল্যের চেয়ে উদ্বৃত্তমূল্যের ১০০% ইজার মূল্য, ১৫% ড্যাট, ১০% আয়কর বাবদ কোন তফসিলী ব্যাংক হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- সরকারী মূল্যের চেয়ে কম মূল্যে কোন জলমহাল খাস আদায়ের জন্য বন্দোবস্ত দেয়া হবে না।
- খামের উপরে পুকুরের নাম স্পষ্টভাবে লিখতে এবং সিল মোহরকৃত খামে আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্র সমূহ অফিস চলাকালীন সময়ে সহকারী কমিশনার (ভূমি), গাবতলী এর কার্যালয় হতে সংগ্রহ ও দাখিল করা যাবে।
- আবেদনকারীকে পুকুরের বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন পূর্বক আবেদন পত্র দাখিল করতে হবে।
- খাস আদায় যোগ্য নিজ কাঁকড়া জলমহালের তথ্য নোটিশ বোর্ডে অথবা অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।
- যে কোন আবেদন পত্র বা সকল আবেদন পত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থা কমিটি সংরক্ষণ করবেন।
- সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর এবং আবেদন পত্রের সাথে যাবতীয় শর্তাবলী প্রতিপালন করতে হবে।
- ইজারা গ্রহীতা কোনরূপ সাবলীজ প্রদান করতে পারবে না। এরূপ প্রমাণিত হলে ইজারা সরাসরি বাতিল করা হবে।

  
(মাইয়ুদুল হাশিম)

সহকারী কমিশনার (ভূমি)  
গাবতলী, বগুড়া।

অনুদ্বিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭, বগুড়া।
- ২। জেলা প্রশাসক, বগুড়া।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), বগুড়া।
- ৬। অফিসার ইনচার্জ, গাবতলী মডেল থানা, গাবতলী, বগুড়া।
- ৭। উপজেলা.....কর্মকর্তা, গাবতলী, বগুড়া।
- ৮। চেয়ারম্যান.....ইউপি (সংশ্লিষ্ট), গাবতলী, বগুড়া, বিজ্ঞপ্তিটি তাঁর এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ নোটিশ বোর্ডে ঝুলিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি, গাবতলী, বগুড়া বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। জনাব/বেগম.....
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক.....মৎস্যজীবী সমবায় সমিতি, গাবতলী, বগুড়া।
- ১২। নোটিশ বোর্ড।

  
সহকারী কমিশনার (ভূমি)  
গাবতলী, বগুড়া।